



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION  
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd  
Answer Worksheet - 18  
Class - 2

Subject : Bengali Text  
Topic : বনের পাখি

Date : 23.06.2020

১) অর্থ লেখ।

- ক) খাঁচা — পিঞ্জর  
খ) কষ্ট — দুঃখ, যাতনা।

২) বিপরীত শব্দ লেখ।

- ক) সন্ধ্যা — সকাল।  
খ) ঘরে — বাইরে।

৩) শূন্যস্থান পূরণ কর।

ক) বনের পাখি ডাকাডাকি

করছে কেন বনে?

খ) সোনার খাঁচায় এসো তুমি  
রাখব সযতনে।

গ) পাকা পাকা মিষ্ট ফল

তোমায় দেব খেতে।

ঘ) সন্ধ্যাবেলা ঘরে তুলে

বিছানা দেব পেতে।

ঙ) আদর করে সাথে সাথে

রাখব দিন রাত।

৪) বাক্য রচনা কর।

ক) পাখি — পাখিরা ঝাঁক বেঁধে উড়ে বেড়ায়।

খ) ফল — আমি ফল খেতে ভালোবাসি।

গ) আদর — আমার দিদা আমাকে অনেক আদর করে।

ঘ) দিনরাত — সোমেনবাবু তার ছেলেমেয়ের লেখাপড়ার জন্য দিনরাত পরিশ্রম করেন।

ঙ) কচি কচি — বসন্তকালে গাছে কচি কচি নতুন পাতা গজায়।

৫) একটি বাক্যে উত্তর দাও।

ক) কে বনের পাখিটিকে ডাকছে?

উঃ শিশুটি বনের পাখিটিকে ডাকছে।

খ) 'কারো প্রাণে কষ্ট দিতে নাই।' — কে কাকে এই কথা বলেছেন?

উঃ 'কারো প্রাণে কষ্ট দিতে নাই।' — শিশুটির মা শিশুটিকে এই কথা বলেছেন।

গ) শিশুটি কীভাবে বনের পাখিটিকে আদর করতে চায় ?

উঃ শিশুটি বনের পাখিটির কোমল গায়ে হাত বুলিয়ে তাকে আদর করতে চায়।

ঘ) 'বনের পাখি' ও 'খাঁচার পাখি' -র মধ্যে কে স্বাধীন? আর কে পরাধীন।

উঃ 'বনের পাখি' ও 'খাঁচার পাখি' -র মধ্যে 'বনের পাখি' স্বাধীন আর 'খাঁচার পাখি' পরাধীন।

ঙ) শিশুটি কাকে ভালোবাসতে চাইছে?

উঃ শিশুটি বনের পাখিটিকে ভালোবাসতে চাইছে।

চ) কয়েকটি কথা বলা পাখির নাম লেখ।

উঃ কয়েকটি কথা বলা পাখির নাম হল টিয়া, ময়না ও কাকাতুয়া।

\_\_\_\_\_ x \_\_\_\_\_

Rita Das